



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৯৬/২২

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর দুইজন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ২৮/০৩/২০২২ খ্রি. সকাল ০৭.৩৫ ঘটিকায় নীলফামারী জেলার সদর থানাধীন দক্ষিণ সুটিপাড়া গ্রামে অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- মো: আনোয়ার হোসেন@আপেল (২৬), পিতা- মতিয়ার রহমান, মাতা- আনোয়ারা বেগম, গ্রাম- দারোয়ানী সুতাকল, থানা- নীলফামারী সদর, জেলা- নীলফামারী। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি বাটন মোবাইল ফোন, ০২ টি সীম কার্ড, ০১ টি মেমোরী কার্ড ও ০৩ টি উগ্রবাদী বই জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী মো: আনোয়ার হোসেন@আপেল এর দেয়া তথ্য মতে ২৮/০৩/২০২২ খ্রি. ২১.৪০ ঘটিকায় নীলফামারী জেলার সদর থানাধীন উত্তরা ইপিজেড এলাকা থেকে জেএমবি'র আরো একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীর নাম- মো: হাফিজুল ইসলাম (৩০), পিতা- মো: আব্দুল হামজা, মাতা- মোছা: মমিনা বেগম, গ্রাম- বেড়া কুটি, থানা- নীলফামারী সদর, জেলা- নীলফামারী। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি অ্যান্ড্রয়েড মোবাইল সেট, ০১ টি সীম কার্ড, বেশ কিছু উগ্রবাদী বই ও ‘পুলিশ শরিয়তের শত্রু’ শিরোনামের লিফলেট জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী মো: আনোয়ার হোসেন@আপেল একটি বেসরকারি কোম্পানিতে কর্মরত ছিল। কোম্পানিতে চাকুরির সুবাদে তার পুরাতন জেএমবি'র এক বড় ভাইয়ের সাথে পরিচয় হয়। সেই বড় ভাই তাকে কিছু বিতর্কিত উগ্রপন্থী বক্তার ওয়াজ শুনতে দেয়। এক পর্যায়ে তাদের সম্পর্ক গভীর হয় এবং উক্ত বড় ভাইয়ের নির্দেশে সে জেএমবি'কে সংগঠিত করার দায়িত্ব পালন করতে শুরু করে। গ্রেফতারকৃত আসামী মো: আনোয়ার হোসেন@আপেল, অপর গ্রেফতারকৃত হাফিজুর ও অন্যান্য সহযোগীদের নিয়ে জেএমবি'র মতাদর্শ প্রচার, দাওয়াতি কার্যক্রম পরিচালনা ও সাংগঠনিক ব্যয় নির্বাহের জন্য বায়তুল মাল গঠন করে প্রতি মাসে ইয়ানত প্রদান ও সংগ্রহ করত। নীলফামারীসহ দেশের উত্তরাঞ্চলে তাদের দলের অন্যান্য সদস্যগণ জেএমবি'র মতাদর্শ প্রচারে সক্রিয় ভূমিকা রেখে আসছিল।

গ্রেফতারকৃত আসামীদ্বয় নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্রের সহযোগিতা এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তাদের বিরুদ্ধে নীলফামারী সদর থানার মামলা নং- ১৯, তারিখ- ২৯/০৩/২০২২ খ্রি. সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

২৯/০৩/২০২২

(ওয়াহিদা পারভীন)

সহকারী পুলিশ সুপার

মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ ঢাকা

Email: atu.aspma@police.gov.bd